গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১-**০৫** -বিশেষ তারিখ: ০৩/০৪/২০২৪ খ্রি.

**বিষয়: ২১-২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালন প্রসঙ্গে।**

সূত্র: স্বা: অধি:/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/৯৭৯৪, তারিখ: ২৭/০৩/২০২৪ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার অধীন ফাইলেরিয়াসিস নির্মুল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রমের অধীনে গত ১৯ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২১-২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তারদল গঠণ এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে জীবন গড়ার সুযোগ রয়েছে।

২। এমতাবস্থায়, আগামী ২১-২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালনের জন্য তাঁর আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদের ২১-২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালনের জন্য নির্দেশনা প্রদান করবেন;

(খ) সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয়সমূহে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

(গ) জেলা/উপজেলার সকল কর্মকর্তাকে দৈব চয়নের ভিত্তিতে বিদ্যালয়সমূহে উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে;

(ঘ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সকল সহকারী শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;

(ঙ) স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তারদল তাদের জন্য নির্ধারিত শ্রেণির সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে;

(চ) স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোনো শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যও গাইড শিক্ষকের নজরে আনবে;

(ছ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত ছকে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম তথ্য স্থানীয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সরবরাহ করতে হবে এবং এ বিষয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সঙ্গে সমন্বয় সাধন করতে হবে।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।

০৩/৪/২০২৪

(মোঃ খালেদ সাইফুল্লাহ)
সহকারী পরিচালক (বিশেষ শিক্ষা)
ফোন নং- ০২-৪১০৫০৬২১

জেলা শিক্ষা অফিসার
জেলা . . . . . . . . . . . . . . . . . (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা, ..........................................................................।
(মাধ্যমিক পর্যায়ের সকল স্কুল এন্ড কলেজ)
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৯. পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম
রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
ফোন ঃ ০২-২২২২৬২৯৯৪

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/ ৯৭৯৪ তারিখঃ ২৭/০৩/২০২৪ ইং

বরাবর
মহাপরিচালক
মাউশি অধিদপ্তর
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

(দৃঃ আঃ উপ-পরিচালক মাধ্যমিক/বিশেষ)।

**বিষয় ঃ ২১- ২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৯ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২১- ২৭ এপ্রিল ২০২৪ সময়কালীন কিন্ডারগার্টেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং সমপর্যায়ের মাদ্রাসাসহ সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তার দল তাদের জন্য নির্ধারিত শ্রেণীর সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তার দল গঠণ এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে জীবন গড়ার সুযোগ রয়েছে। স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোন শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যও গাইড শিক্ষকের নজরে আনতে পারছে এবং বিষয়গুলো প্রাথমিক পর্যায়েই সংশোধন বা প্রতিকারের ব্যাপারে সহায়ক ভূমিকা রাখছে।

উপরে উল্লেখিত সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাদ্রাসা সহ মাধ্যমিক পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষককে অবহিত করা প্রয়োজন। বিধায়, সংশ্লিষ্ট সকল জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাগণকে এ ব্যাপারে লিখিত নির্দেশনা প্রদান করে কার্যক্রমটি সফল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

২৭/৩/২৪
পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও
লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ-সহকারী পরিচালক, সমন্বয়)
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন-২, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, বেইলী রোড, ঢাকা।
৪। পরিচালক - মাধ্যমিক, মাউশি অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৫। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
৬। উপপরিচালক, সিডিসি/এমএন্ডপিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিভিল সার্জন (সকল জেলা)।
৮। সহকারী পরিচালক ও পিএম, ফাইলেরিয়াসিস নির্মূল, কালাজ্বর এবং ম্যালেরিয়া ও এটিডি প্রোগ্রাম, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। অফিস কপি।